



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং-বশিবো/কলেজ/অনুঃ/২০১৫/ ২২৭

তারিখঃ ২৫/০৩/২০১৫ খ্রিঃ।

**বিষয় ঃ- একাডেমিক স্বীকৃতি প্রদান।**

সূত্র ঃ অধ্যক্ষের স্মারক নং-তুষ/কলেজ/মঠ/পিরোজ/২০১৫/০২, তারিখঃ ০১/০২/২০১৫ ইং।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে চেয়ারম্যান মহোদয়ের ২৪/০৩/২০১৫ খ্রিঃ তারিখের নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, নিম্নবর্ণিত শর্তাবলী পূরণ সাপেক্ষে তুসখালী কলেজ, ডাকঃ তুসখালী, উপজেলাঃ মঠবাড়ীয়া, জেলাঃ পিরোজপুর-এ কলেজ মঞ্জুরী কমিটির পরবর্তী সভায় অনুমোদন সাপেক্ষে উচ্চমাধ্যমিক পর্যায়ে শাখা ও বিষয়সমূহে ৩০/০৬/২০১৫ হতে ০১/০৭/২০১৬ তারিখ পর্যন্ত মোট ০১ (এক) বছরের জন্য একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো। একাডেমিক স্বীকৃতির সময়সীমা অতিক্রান্ত হবার পর পুনরায় মেয়াদ বৃদ্ধি করা না হলে স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।

## শাখা ও বিষয়ঃ

- ০১। আবশ্যিক বিষয় ঃ বাংলা, ইংরেজি এবং তথ্য যোগাযোগ প্রযুক্তি (আবশ্যিক বিষয়)।  
০২। নৈর্বাচনিক বিষয় ঃ  
(ক) মানবিক শাখা ঃ অর্থনীতি, পৌরনীতি ও সুশাসন, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, যুক্তিবিদ্যা এবং সমাজকর্ম।  
(খ) ব্যবসায় শাখা ঃ হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন এবং ফিন্যান্স ব্যাংকিং ও বীমা।  
০৩। সকল শাখার জন্য ঃ কৃষি শিক্ষা।

## শর্তাবলী

- ০১। প্রতি শিক্ষা বর্ষে প্রতি বিষয়ে ন্যূনতম ২৫ (পঁচিশ) জন করে ছাত্র-ছাত্রী ভর্তি ও ৭৫% পরীক্ষায় অংশ গ্রহণ এবং এর ৫০% পাস করাতে হবে  
০২। কলেজের শিক্ষার মান উন্নত করতে হবে এবং পাবলিক পরীক্ষায় পাশের হার আরও উন্নীত করতে হবে  
০৩। জনবল কাঠামোর অতিরিক্ত শিক্ষক/কর্মচারী নিয়োগ করে বেতনের সরকারি অংশ উত্তোলন করা যাবে না  
০৪। কলেজের ভবন ও আসবাবপত্র বৃদ্ধি করাসহ প্রয়োজনীয় যন্ত্রপাতি ক্রয় করতে হবে  
০৫। টিউটোরিয়াল ক্লাস ও পরীক্ষার ব্যবস্থা করতে হবে এবং এর লিখিত রেকর্ডপত্র সংরক্ষণ করতে হবে  
০৬। গ্রন্থাগারে পাঠ্যপুস্তক ও সাহায্যকারী পুস্তক-এর সংখ্যা বাড়াতে হবে  
০৭। জরুরী ভিত্তিতে বাৎসরিক ক্লাস রুটিন নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে দাখিল করতে হবে  
০৮। সর্বশেষ বিধি মোতাবেক শিক্ষক-কর্মচারীদের কলেজে উপস্থিতি নিশ্চিত করতে হবে  
০৯। শিক্ষা বোর্ড কর্তৃপক্ষ কর্তৃক যে কোন সময়ে কলেজটি আকস্মিক পরিদর্শনের নিমিত্তে প্রস্তুত থাকতে হবে  
১০। ব্যবহারিক ক্লাস ও ক্লাসে শিক্ষার্থীদের হাজিরা নিশ্চিত করতে হবে

  
২৫-০৩-১৫

ড. মোঃ লিয়াকত হোসেন # ৯৫১১

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল

টেলিফোনঃ ০৪৩১-৬৪৭৪৫

gmail: drliaquate@gmail.com


## অধ্যক্ষ

### তুসখালী কলেজ

ডাক ঃ তুসখালী, উপজেলা ঃ মঠবাড়ীয়া, জেলা ঃ পিরোজপুর।

## অবগতি ও কার্যার্থে বিতরণঃ

- ০২। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।  
০৩। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।  
০৪। পরিচালক, ব্যানবেইস, ঢাকা।  
০৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।  
০৬। সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল।  
০৭। সংরক্ষণ কপি।

  
২৪/৩/১৫